দর্শনা সীমান্তে মাথাভাঙ্গা নদী থেকে যুবকের লাশ উদ্ধার, কোমরে মিললো ৬৮ টি স্বর্ণের বার

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার নাস্তিপুর সীমান্তে মাথাভাঙ্গা নদীতে প্রায় ১০ কেজি ওজনের ৬৮ টি স্বর্ণের ভারে ডুবে যায় মিরাজ মন্ডল (১৯) নামের এক যুবক। তিনি উপজেলার নাস্তিপুর গ্রামের ভাট পাড়ার ইয়াসিন মন্ডলের ছেলে।

জানাগেছে গতকাল রোববার বেলা ১২ টার দিকে নাস্তিপুর সীমান্তের মাথাভাঙ্গা নদীর ৮০/১ নং পিলারে নিকট ২ জন স্বর্ণ চোরাকারবারী মাথাভাঙ্গা নদী পার হয়ে ভারতে যাওয়ার প্রাক্কালে আনুমানিক ২৫ গজ বাংলাদেশের অভ্যন্তরে এ ঘটনা ঘটে।

এ ঘটনায় এক চোরাকারবারী পালিয়ে গিয়ে গ্রামবাসির খবর দেয়। খবর পেয়ে বিজিবি,পুলিশ,ফায়ার সার্ভিস ও স্থানীয় লোকজন এসে মৃত্য দেহটি উদ্ধার করে।

বিকাল ৪ টার দিকে স্থানীয় ও বিজিবি, পুলিশ ও ফায়ার সার্ভিস মাথাভাঙ্গা নদীতে অভিযান চালিয়ে তার মৃত লাশ উদ্ধার করে। তার শরীলে বাধা কাপড়ের ৪ টি পুটলাই ছোট-বড় ৬৮ টি স্বর্ণের বার উদ্ধার করে বিজিবি। যার ওজন ১০ কেজি ২ শ ৬৩ গ্রাম। যার আনুমানিক বাজার মূল্য ১০ কোটি ২ লক্ষ ৬৩ হাজার টাকা। পুলিশ রাতে ঘটনাস্থল থেকে লাশ উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে প্রেরণ করেছে।

স্থানীয় ও বিজিবি সূত্র জানায়, গতকাল রোববার দুপুরে দামুড়হুদা সীমান্তের নাস্তিপুর গ্রামের মিরাজ মন্ডল তার শরীরে কোমরে বেঁধে মাথাভাঙ্গা নদীতে কলার ভেলা বানিয়ে পার হয়ে ভারতে প্রবেশ করতে যায়। এ সময় মাথাভাঙ্গা নদীর মাঝখানে পৌঁছালে তার কাছ থেকে নদীর স্রোতে কলার ভেলা ভেসে যায়। এতে করে তার কাছে থাকা ৬৮টি স্বর্নের বার প্রায় ১০ কেজি ২শ ৬৩ গ্রাম স্বর্ণের ভারে পানির নিচে তলিয়ে গিয়ে নিখোঁজ হয়। এ ঘটনার ৪ ঘন্টা পর তার লাশ উদ্ধার করে বিজিবি।

এ ঘটনায় চুয়াডাঙ্গা-৬ বিজিবির অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, গতকাল রোববার দুপুরে গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারি সীমান্ত দিয়ে ভারতে স্বর্ণের একটি বড় চালাল পাচার হবে। খবর পেয়ে মিরাজ তার শরীরে কাপড়ের টুপলা করে মাজায় বেঁধে স্বর্ণের বার নিয়ে মাথাভাঙ্গা নদী পার হচ্ছে নদীর স্রোতে কলার ভেলা তার কাছ থেকে ছুটে গিয়ে পানিতে ডুবে সে নিখোঁজ হয়। খবর পেয়ে বিজিবি ঘটনাস্থলে পৌঁছে স্থানীয় পুলিশ ফায়ার সার্ভিস কে খবর দেয়। বিকাল ৪ টার দিকে তার লাশ উদ্ধার করা হয়। তার শরীরে বাধা কাপড়ের একটি টুপলা উদ্ধার করা হয়। যার মধ্য থেকে প্রায় ছোট বড় ৬৮ টি স্বর্ণের বার উদ্ধার করা হয়েছে। যার ওজন ১০ কেজি ২শ ৬৩ গ্রাম(৮৭৯.৮৮ ভরি)।

এ ঘটনায় দর্শনা থানায় মামলার প্রক্রিয়াধীন রয়েছে।